

শেখ হাসিনার নির্দেশ জলবায়ু
সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moef.gov.bd



স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০৪৭.২০.২৮৯

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

বিষয়: বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “রাজামাটি অঞ্চলের অতিবর্ষণজনিত ভূমিক্ষেপে ক্ষতিগ্রস্ত স্থাপনাসমূহ মেরামত ও সংস্কার” শীর্ষক প্রকল্পের ৪র্থ কিস্তি অর্থছাড়ের প্রস্তাব অনুমোদন।

সূত্র: বন অধিদপ্তর হতে প্রাপ্ত পত্র নং-২২.০১.০০০০.০০২.২৯.০১১.২০.২৩৯ ও তারিখঃ ০১/১২/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিশ্রুতিতে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “রাজামাটি অঞ্চলের অতিবর্ষণজনিত ভূমিক্ষেপে ক্ষতিগ্রস্ত স্থাপনাসমূহ মেরামত ও সংস্কার” শীর্ষক প্রকল্পের অনুকূলে ৪র্থ কিস্তি বাবদ ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা অর্থছাড়ের বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয়ের পরিদর্শন প্রতিবেদনের নিম্নোক্ত সুপারিশসমূহ যথাযথ প্রতিপালন সাপেক্ষে এতদ্বারা নির্দেশক্রমে অনুমোদন করা হলো এবং ৪র্থ কিস্তি অর্থছাড় করার লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের পরিদর্শন প্রতিবেদন এসাথে প্রেরণ করা হলো। এ বিষয়ে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) প্রকল্প পরিচালকের প্রত্যয়ন ও অকারিগরি পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।

(খ) প্রকল্প এলাকায় স্থাপনাসমূহে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের নমুনা সাইনবোর্ড অনুযায়ী প্রকল্পের তথ্যসংবলিত সাইনবোর্ড স্থাপন করতে হবে।

(গ) অব্যয়িত অর্থ (Less Amount) ১৬.৮৮ (ষোল লক্ষ আটশি হাজার) টাকা জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অনুকূলে চেকের মাধ্যমে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ক্লাইমেট চেঞ্জ ইউনিটে ফেরত প্রদান করতে হবে।

(ঘ) প্রকল্পের আওতায় নির্মিত গাইডওয়েল ও অন্যান্য অবকাঠামো পরবর্তী সময়ে প্রকল্প পরিচালক বিশেষ প্রয়োজনে সংস্থার নিজস্ব অর্থায়নে রক্ষণাবেক্ষণ করবেন।

সংযুক্তি: বর্ণনামতে।

১৭-১২-২০২০

মোঃ মাজেদুল ইসলাম

উপসচিব

ফোন: ৯৫৪০২৪৬

ফ্যাক্স: ৯৫৪০২১০

ইমেইল: mazed1968@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক, বন ভবন, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী,
ঢাকা।

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০৪৭.২০.২৮৯/১(৫)

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) অতিরিক্ত সচিব (জলবায়ু পরিবর্তন অনুবিভাগ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ২) যুগ্মসচিব (জলবায়ু পরিবর্তন-১), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৩) প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪) জনাব মুহাম্মদ সুবেদার ইসলাম, বন সংরক্ষক ও প্রকল্প পরিচালক “রাজামাটি অঞ্চলের অতিবর্ষণজনিত ভূমিক্ষেপে ক্ষতিগ্রস্ত স্থাপনাসমূহ মেরামত ও সংস্কার” শীর্ষক প্রকল্প, রাজামাটি অঞ্চল, রাজামাটি।
- ৫) সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

১৭-১২-২০২০

মোঃ মাজেদুল ইসলাম

উপসচিব